

পরিদর্শন প্রতিবেদন (চলমান প্রকল্প)

পরিদর্শনকারী কর্মকর্তার নাম: মোহাম্মদ রফিকুল ইসলাম, মহাপরিচালক।

পরিদর্শনের তারিখ : ০৮/০৪/২০১৮ খ্রি:।

- ১। প্রকল্পের নাম : “চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত জামুরি মাঠে একটি আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্প।
- ২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
- ৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর।
- ৪। প্রকল্প এলাকা : জামুরী মাঠ, আগ্রাবাদ, চট্টগ্রাম এলাকায় প্রকল্পটি অবস্থিত।
- ৫। পরিদর্শিত উপজেলা, জেলা : চট্টগ্রাম।

৬। প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত :

পরিদর্শিত এ প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৩৭২.৩২ লক্ষ টাকা, যার পুরোটাই জিওবি। প্রকল্পের অনুমোদিত বাস্তবায়নকাল ০১/০১/২০১৬ থেকে ৩০/০৬/২০১৮ তারিখ পর্যন্ত। মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক মূল প্রকল্পটি গত ০১/০২/২০১৬ তারিখে এবং ১৭/০৪/২০১৭ তারিখে সংশোধিত প্রকল্পটি অনুমোদিত হয়েছে।

৭। প্রকল্পের অর্থ বরাদ্দ, অর্থছাড় ও বাস্তবায়ন:

২০১৭-১৮ অর্থবছরে আরএডিপিতে প্রকল্পে অর্থ বরাদ্দের পরিমাণ ১৫৪৩.০০ লক্ষ টাকা। বার্ষিক ভৌত লক্ষ্যমাত্রা ১১.০৫। মে, ২০১৮ পর্যন্ত প্রকল্পে অর্থ ব্যয়ের পরিমাণ ১২৪৪.০০ লক্ষ টাকা, বাস্তব অগ্রগতি ৯২.০০%। জুন, ২০১৮ এর মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করা সম্ভব হবে বলে প্রকল্প কর্তৃপক্ষ অবহিত করেছেন। মার্চ ২০১৮ পর্যন্ত প্রকল্পে ক্রমপুঞ্জিত অর্থ ব্যয়ের পরিমাণ ১২৫৯.০৯ লক্ষ টাকা এবং উক্ত সময় পর্যন্ত প্রকল্পের ভৌত অগ্রগতি ৯০.০০%।

৮। প্রকল্পের প্রধান প্রধান উদ্দেশ্য :

- শিশু কিশোরদের শারীরিক ও মানবিক বিকাশের জন্য খেলার মাঠ স্থাপন ;
- স্বাস্থ্যকর ও নির্মল পরিবেশ সৃষ্টি করা;
- বিনোদন ব্যবস্থা নিশ্চিতকরণ;
- উন্মুক্ত স্থানের সুষ্ঠু ব্যবহার; এবং
- আলাদা জগিং ট্রাক স্থাপন।

৯.০১ (ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা :

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য (অনু ১৬.১ দ্রষ্টব্য) :

প্যাকেজ (১,২,৩...)	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	

১০.০১ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত) : এ প্রকল্পে বর্তমানে জনাব ওম প্রকাশ নন্দী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চট্টগ্রাম গণপূর্ত সার্কেল-১ প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। তাঁর পূর্বে আরো দুই জন প্রকৌশলী এ প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন।

১১.০১ ভূমি অধিগ্রহণ, Resettlement, Utility সংযোগ (বিদ্যুৎ/পানি/গ্যাস) সংক্রান্ত হালনাগাদ তথ্য (যদি থাকে): প্রযোজ্য নয় (পিডব্লিউডি'র নিজস্ব জমিতে প্রকল্পটি প্রতিষ্ঠা করা হচ্ছে)।

১২.০১ অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য : এ মুহূর্তে প্রযোজ্য নয়।

১৩.০১ স্ট্রিয়ারিং/পিআইসি সভা সংক্রান্ত : শুরু থেকে এ পর্যন্ত প্রকল্পের ১ টি পিআইসি ও ১ টি স্ট্রিয়ারিং কমিটির সভা হয়েছে।

১৪.০১ Project Management Information System (PMIS)/অনলাইনে সর্বশেষ হালনাগাদ তথ্য প্রেরণের তারিখ (পিএমআইএস চালু হলে) : প্রযোজ্য নয়

১৫.০১ পূর্ববর্তী পরিদর্শনকারীর নাম ও তারিখ : পূর্বে প্রকল্পটি আইএমইডির কোন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়নি।

১৬.০১ প্রকল্প সার্বিক পরিদর্শন পর্যবেক্ষণ :

২১'১) চট্টগ্রামের আগ্রাবাদ এলাকায় অবস্থিত আলোচ্য প্রকল্পটি গত ০৮/০৪/২০১৮ তারিখ পরিদর্শন করা হয়। পরিদর্শন সময়ে প্রকল্প পরিচালকসহ, সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও পিডব্লিউডি চট্টগ্রামের অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। প্রকল্প স্থানে মোট জমির পরিমাণ প্রায় ৮.৫৫ একর। উল্লেখ্য উদ্যান সংশ্লিষ্ট টেন্ডার প্রাপ্ত ঠিকাদারকে Notification of Award (NOA) প্রদানের তারিখ ২৪/০৫/২০১৬। ঠিকাদারী প্রতিষ্ঠানকে চুক্তি অনুযায়ী জুন, ২০১৮ এর মধ্যে প্রকল্পের সকল কাজ শেষ করতে হবে।


২১'২) পরিদর্শন সময়ে সাইট উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, জলাধার নির্মাণ, গেইট নির্মাণ, ৪ টি ১ তলা ভবন নির্মাণ, পাম্প হাউজ, বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। তবে পার্কের ভিতরে কম্পাউন্ড রোড, বর্না স্থাপন, নালা নির্মাণ, বিভিন্ন খেলার উপকরণ, আরবরি কালচার/ল্যান্ড স্কেপিং ইত্যাদি কাজ অসমাপ্ত দেখা যায়। প্রকল্প কর্তৃপক্ষ জুন ২০১৮ এর মধ্যে প্রকল্পের সকল অংশের কাজ শেষ হবে বলে নিশ্চিত করেন।

১৮.০১ সার্বিক মতামত/সুপারিশ :

১) কর্ম পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের সকল অংশের কাজ জুন ২০১৮ এর মধ্যে সমাপ্ত করতে হবে।



- ২) প্রকল্প স্থান তথা জাম্বুরী মাঠের চারপাশে সরকারী বেসরকারী আবাসিক এলাকা এবং এলাকাটি ঘনবসতিপূর্ণ: এ প্রেক্ষিতে নির্মিতব্য জাম্বুরি উদ্যানটি দৃষ্টিনন্দন ও মানসম্মত করার বিষয়টি প্রকল্প কর্তৃপক্ষ নিশ্চিত করবেন।
- ৩) প্রকল্প শেষে এর রক্ষনাবেক্ষণ ও সুষ্ঠু ব্যবস্থাপনা সংশ্লিষ্ট জনবল নিয়োগ করতে হবে।
- ৪) প্রকল্পটি শেষ হওয়ার তিন মাসের মধ্যে আইএমইডি'র ছকে “প্রকল্প সমাপ্তি প্রতিবেদন” (পিসিআর) জরুরি ভিত্তিতে প্রশাসনিক মন্ত্রণালয় এবং আইএমইডি'তে প্রেরণ করতে হবে।
- ১৯.০। উপরোক্ত মতামত/সুপারিশ অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা প্রশাসনিক মন্ত্রণালয় ও প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগকে অবহিত করতে হবে।


কর্মকর্তার স্বাক্ষর ও সীল

মোহাম্মদ রফিকুল ইসলাম
মহাপরিচালক
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার